মেহেরপুরে ক্ষুদে বিজ্ঞানীদের দারুণ উদ্ভাবনের প্রদর্শন

মেহেরপুরে ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে। দুই দিন ব্যাপী এ মেলায় ক্ষুদে বিজ্ঞানীরা টেকনোলজি ডিপেন্ডেন্ট ভিলেজ, শেখ রাসেল হসপিটাল,পরিবেশ সংরক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তিসহ বিভিন্ন উদ্ভাবনী প্রদর্শণ করে।

আজ সোমবার (১৩ মে) দুপুরে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে জেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) তানভীর হাসান রুমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক এবং জেলা শিক্ষা অফিসার মোঃ আব্বাস উদ্দিন।

আলোচনার আগে অতিথিরা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং ক্ষুদে বিজ্ঞানীদের বিভিন্ন উদ্ভাবনের ভূয়সী প্রশসংসা করেন।

মেহেরপুরে ক্ষুদে বিজ্ঞানীদের দারুণ উদ্ভাবনের প্রদর্শণ

মেহেরপুরে ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। “বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্বোধনেই সমৃদ্ধি” এই প্রতিপাদ্য বিষয়ে মেলায় ক্ষুদে বিজ্ঞানীরা নিউক্লিয়ার পাওয়ার

প্লান্ট, ওয়াটার লেবেল কন্ট্রোলার,ফ্রি ইলেক্ট্রিসিটি মডেল, কাদামাটি দিয়ে বিদ্যুৎ উৎপাদনসহ বিভিন্ন উদ্ভাবনী প্রদর্শণ করে।

আজ মঙ্গলবার (৩০ জানুয়ারি) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলা প্রাঙ্গণে, সদর উপজেলা জেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবোধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত মেলা প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে উদ্ধোধন করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম।

এছাড়াও এসময় মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, যুব উন্নয়ন কর্মকর্তা রাকিবুল ইসলাম, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে অতিথিরা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং ক্ষুদে বিজ্ঞানীদের বিভিন্ন উদ্ভাবনের প্রশসংসা করেন।